



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সরকারি আবাসন পরিদপ্তর
অফিস স্থান শাখা
www.doga.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০৯.২২.০০৭.২০.১০০

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৭

১৩ সেপ্টেম্বর ২০২০

বিষয়: বিদেশী নাগরিকদের জন্য সেফ-হোম স্থাপনের নিমিত্তে বেসরকারি বাড়ি ভাড়া করণের ছাড়পত্র প্রদান প্রসংগ।

সূত্র: বাংলাদেশ পুলিশ, স্পেশাল ব্রাঞ্চ, এসসিও(ভিসা), রাজারবাগ, ঢাকা এর পত্র স্মারক নং-১৪৪৪, তারিখঃ ২৫-০৮-২০২০খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রশাসন -২ অধিশাখার পত্র স্মারক নং-শা-২/২এম-২৬/ ২০০৭/৫৪২, তারিখঃ ১৫ নভেম্বর ২০০৭ পরিপত্রের আলোকে সরকারি অফিসের অনুমোদিত জনবলের প্রাপ্যতা অনুযায়ী আয়তন উল্লেখ পূর্বক বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/বিভাগের অনুকূলে অত্র পরিদপ্তর হতে বেসরকারি বাড়ি/অফিসস্থান ভাড়া করার ছাড়পত্র প্রদান করা হয়ে থাকে।

এক্ষেত্রে সেফ-হোম এর দাপ্তরিক কাজ পরিচালনার জন্য প্রাপ্ত পত্রে এর জনবল এবং কত বর্গফুট আয়তনের বাড়ি ভাড়া করণের ছাড়পত্র প্রয়োজন তা উল্লেখ নেই। তাছাড়া বিবেচ্য পত্রটি যথাযথ কর্তৃপক্ষের (প্রশাসনিক মন্ত্রণালয়) মাধ্যমে প্রেরিত না হওয়ায় তা বিবেচনা করা সম্ভব হয়নি।

বর্ণিতাবস্থায়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্র অনুযায়ী বিবেচ্য সেফ-হোম এর অফিসস্থানের জন্য বেসরকারি বাড়ি ভাড়া করণের নিমিত্তে বিবেচ্য অফিসের অনুমোদিত জনবলের তথ্য (পত্রে সংযুক্ত ছক অনুযায়ী), আয়তন বিস্তারিত উল্লেখপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৩-৯-২০২০

আঞ্জু আরা খাতুন
সহকারী পরিচালক

ফোন: +৮৮০২৯৫১৫৫৩০

ইমেইল: offspace@doga.gov.bd

বিশেষ পুলিশ সুপার

এসসিও(ভিসা), স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ,
ঢাকা।

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০৯.২২.০০৭.২০.১০০/১(৪)

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৭

১৩ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) এআইজি (রুটিন দায়িত্ব), এআইজি (ল্যান্ড অ্যান্ড এস্টেট), পুলিশ হেডকোয়ার্টার্স
- ২) সহকারী পরিচালক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর
- ৩) সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর
- ৪) সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, অতিরিক্ত পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর



১৩-৯-২০২০

মোঃ রবেব আলম

উচ্চমান সহকারী (অতিরিক্ত দায়িত্ব)